নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University: NSTU
নোয়াখালী-৩৮১৪।
ফ্যাক্স: ০৩২১-৬২৭৮৮, সেল: ০১৭১২-১৮৬৪৩৪
Website: www.nstu.edu.bd

ওশানোগ্রাফি বিভাগ
Dept. of Oceanography

স্মারক নং: নোবিপ্রবি/ওশানোগ্রাফি/মাস্টার্স/২০২৫/ ৫২৭ তারিখ: ২৭ আগষ্ট, ২০২৫

# স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি বিভাগে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে (নিয়মিত) স্নাতকোত্তর (মাস্টার্স) (MS in Oceanography) এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে/অনলাইনে আবেদন ফরম সংগ্রহ এবং পূরণকৃত ফরম আগামী ৩১ আগস্ট, ২০২৫ হতে ১৮ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত জমা দেয়া যাবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা (অফেরৎ যোগ্য)।

অনলাইনে টাকা জমা দেওয়ার ব্যাংক হিসাব ঃ হিসাব নং- **০২০০০১৯৬৬৯৮১১**, অগ্রণী ব্যাংক পিএলসি, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা।

<u>ডিগ্রিঃ</u> MS in Oceanography

<u>ডিগ্রির সময়কাল ঃ</u> Thesis গ্রুপের জন্য ডিগ্রির সময়কাল ১.৫ বছর এবং Non- Thesis গ্রুপের জন্য ডিগ্রির সময়কাল ১ বছর।

<u>ভর্তি প্রক্রিয়া ঃ</u> আবেদনকারীকে বিভাগীয় ভর্তি কমিটির নিকট সাক্ষাৎকার প্রদান পূর্বক ভর্তি কমিটির সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে (অভ্যন্তরীণ প্রার্থীদের জন্য)। বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

<u>ভর্তির যোগ্যতাঃ</u>

ক. প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন পাবলিক/স্বীকৃত প্রাইভেট বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউশন থেকে সংশ্লিষ্ট বিষয়ে বি.এসসি. (সম্মান)/সমমানের ডিগ্রীধারী হতে হবে।
খ. প্রার্থীর বি.এসসি. (সম্মান)/সমমান পর্যায়ে কমপক্ষে জিপিএ ৩.০০ থাকতে হবে।
গ. ওশানোগ্রাফি বিভাগের শিক্ষার্থীদের মধ্যে যারা ১৬৮ ক্রেডিট সম্পন্ন করেছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। স্পেশাল টার্মের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে; তবে শর্ত থাকে যে, স্পেশাল টার্মের ফলাফলের পর তাদের ১৬৮ ক্রেডিট সম্পন্ন না হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে (শুধুমাত্র নোবিপ্রবি'র শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।
ঘ. যে কোন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে ওশানোগ্রাফি/মেরিন সায়েন্স/ফিশারিজ/জিওগ্রাফি/জিওলজি/এনভায়রনমেন্টাল সায়েন্স/গণিত/সয়েল সায়েন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে বি.এসসি (অনার্স) ডিগ্রীধারীগন আবেদন করতে পারবে।

<u>ভর্তির নিয়মাবলীঃ</u>

ক. শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সার্টিফিকেট এর ফটোকপি।
খ. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্রের ফটোকপি।
গ. ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
ঘ. ভর্তি ফরম ক্রয়ের রশিদ এর ফটোকপি/ব্যাংকে টাকা জমা দেওয়ার মূল রশিদ/অনলাইন রশিদ।
ঙ. থিসিস ও প্রজেক্টের সম্ভাব্য সুপারভাইজারের সম্মতিপত্র (অভ্যন্তরীণ প্রার্থীদের জন্য)। বহিঃস্থ শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্নের পূর্বে থিসিস/নন -থিসিস সুপারভাইজার নির্ধারণ করতে হবে।
চ. চাকুরীরত প্রার্থীকে নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান ও শিক্ষাকার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১৮ (আঠারো) মাস (থিসিস)/ ১২ (বারো) মাসের (নন-থিসিস) ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ।

২৭/০৮/২০২৫

ড. মোহাম্মদ গোলাম মোস্তফা
চেয়ারম্যান, ভর্তি কমিটি, শিক্ষাবর্ষ: ২০২৩-২৪ (স্নাতকোত্তর)
ও
চেয়ারম্যান ওশানোগ্রাফি বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।

অনুলিপিঃ

১. ডীন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।
২. রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩. হিসাব পরিচালক, নোবিপ্রবি।
৪. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৫. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
৭. নোটিশ বোর্ড।
৮. নথি।